# INDIRECT TAXATION NOTES

## (Source: NACEN i.e. National Academy of Customs, Excises and Narcotics, FAQ on 21st September, 2016, NAJIB SHA-Chairman of CBES)

**Prepared by CMA (Dr) Tapan Kumar Samanta**

## ইনপুট ট্যাক্স ক্রেডিট
## INPUT TAX CREDIT

**প্র১: ইনপুট ট্যাক্স কী?**

উ: ইনপুট ট্যাক্স মানে কেন্দ্রীয় কর (সিজিএসটি), রাজ্য কর (এসজিএসটি), সংহত কর (আইজিএসটি) অথবা কেন্দ্রশাসিত অঞ্চল কর (ইউটিজিএসটি)— যা একজন রেজিস্টার্ড ব্যক্তিকে সরবরাহ করা পণ্য বা পরিষেবা বা দুইয়ের উপরেই প্রদেয় হয়েছে। বিপরীত আরোপ বা রিভার্স চার্জ হিসেবে প্রদেয় কর এবং আমদানিকৃত পণ্যের উপর প্রদেয় সংহত করও এর অন্তর্গত। কম্পোজিশন লেভিতে প্রদত্ত কর অবশ্য এর আওতায় আসবে না।

**প্র২: বিপরীত আরোপ অর্থাৎ রিভার্স চার্জে প্রদত্ত জিএসটিকে কি ইনপুট ট্যাক্স বলা যাবে?**

উ: হ্যাঁ, রিভার্স চার্জে প্রদেয় ট্যাক্স ইনপুট ট্যাক্সের সংজ্ঞাতেই অন্তর্ভুক্ত আছে।

**প্র৩: ইনপুট পণ্য, ইনপুট পরিষেবা ও মূলধনী পণ্য (ক্যাপিটাল গুড্‌স)— এদের ওপর প্রদত্ত করকে ইনপুট ট্যাক্স ধরা হবে কি?**

উ: হ্যাঁ, ইনপুট পণ্য, ইনপুট পরিষেবা আর ক্যাপিটাল গুড্‌সের উপর প্রদত্ত কর এর মধ্যে অন্তর্ভুক্ত। ক্যাপিটাল গুড্‌সের উপর প্রদত্ত কর-এর ক্রেডিট এক লপ্তেই নেওয়া অনুমোদিত।

**প্র৪: পণ্য বা পরিষেবা সরবরাহের উপর প্রদেয় সমস্ত ইনপুট ট্যাক্সের ক্রেডিটই কি জিএসটিতে অনুমোদিত?**

উ: একজন রেজিস্টার্ড ব্যক্তি তাঁকে সরবরাহ করা পণ্য বা পরিষেবা বা দুইয়েরই উপর প্রদেয় ইনপুট

ট্যাক্সের ক্রেডিট নিতে তখনই পারবেন যদি ঐ পণ্য বা পরিষেবা বা উভয়ই ব্যবসার স্বার্থে বা ব্যবসার সম্প্রসারণের জন্য ব্যবহৃত হয় বা সেই উদ্দেশ্যে নিয়োজিত হয়, অন্যান্য শর্তাবলী ও বিধিনিষেধ সাপেক্ষে।

**প্র৫: আইটিসি গ্রহণের প্রয়োজনীয় শর্তগুলি কী?**

উ: একজন রেজিস্টার্ড করযোগ্য ব্যক্তিকে আইটিসি পেতে গেলে নিচের চারটি শর্ত পূরণ করতে হবে :

ক) তাঁর কাছে ট্যাক্স ইনভয়েস অথবা ডেবিট নোট অথবা প্রস্তাবিত (prescribed) আর কোনও কর প্রদানের নথিপত্র থাকতে হবে;
খ) তিনি পণ্য বা পরিষেবা বা উভয়ই গ্রহণ করেছেন;
গ) সরবরাহকারী এই সরবরাহের জন্য প্রদেয় কর সরকারের কাছে জমা করেছেন; এবং
ঘ) তিনি ধারা ৩৯ মোতাবেক রিটার্ন জমা করেছেন।

**প্র৬: যদি একটি ইনভয়েসে পাঠানো পণ্য ভাগে ভাগে বা কিস্তিতে পৌঁছয় তাহলে রেজিস্টার্ড প্রাপক কীভাবে আইটিসির অধিকার পাবেন?**

উ: রেজিস্টার্ড ব্যক্তিটি একদম শেষভাগ বা কিস্তি প্রাপ্তির পরেই ক্রেডিটের অধিকারী হবেন।

**প্র৭: সরবরাহকারীকে সরবরাহের জন্য প্রাপ্য অর্থ (বা বিবেচনা) কর সহ মিটিয়ে না দিয়েও কী কেউ ইনপুট ট্যাক্স ক্রেডিট নিতে পারবেন?**

উ: হ্যাঁ, প্রাপক আইটিসি নিতে পারবেন। কিন্তু ইনভয়েস কাটার ১৮০ দিনের মধ্যে সমস্ত পাওনা তাঁকে কর সহ মিটিয়ে দিতে হবে। এই শর্ত বিপরীত আরোপে প্রদেয় করের ক্ষেত্রে প্রযোজ্য নয়।

**প্র৮: ইনভয়েস কাটার ১৮০ দিনের মধ্যে কর সহ পাওনা না মেটালে রেজিস্টার্ড ব্যক্তি যে আইটিসি নিয়ে নিয়েছেন তার কী হবে?**

উ: এক্ষেত্রে আইটিসির অঙ্ক ঐ ব্যক্তির আউটপুট ট্যাক্স দায়ের সঙ্গে যোগ হয়ে যাবে। তাঁকে সুদও দিতে হবে। তবে, কর সহ ঐ পাওনা মিটিয়ে দিলে তিনি আবার আইটিসি পাবেন।

**প্র৯: করযোগ্য ব্যক্তিকে পণ্য সরবরাহ না করে যদি অন্য কাউকে সরবরাহ করা হয় (বিল এখানে—প্রেরণ অন্যখানে, এইরকম ক্ষেত্রগুলিতে) তাহলে আইটিসি কে পাবেন?**

উ: যদি রেজিস্টার্ড ব্যক্তির নির্দেশক্রমে পণ্যটি কোনও তৃতীয় ব্যক্তিকে সরবরাহ করা হয়ে থাকে তাহলে ঐ রেজিস্টার্ড ব্যক্তিই সরবরাহ পেয়েছেন বলে ধরে নেওয়া হবে। সুতরাং ঐ নির্দেশদাতা ব্যক্তিই আইটিসি ভোগ করবেন।

**প্র১০: আইটিসি নেওয়ার কোনও সময়সীমা আছে? থাকলে, তার কারণই বা কী?**

উ: আইটিসির জন্য প্রয়োজনীয় ইনভয়েস বা ডেবিট নোটটি যে অর্থবর্ষে ইস্যু করা হয়েছে সেই অর্থবর্ষ পূর্ণ হওয়ার ঠিক পরের সেপ্টেম্বর মাসের রিটার্ন জমা দেওয়ার (ধারা ৩৯ অনুযায়ী) নির্দিষ্ট তারিখ, অথবা বার্ষিক রিটার্ন জমা দেওয়ার নির্দিষ্ট তারিখ— এই দুইয়ের মধ্যে যেটি আগে— পেরিয়ে গেলে রেজিস্টার্ড ব্যক্তি আর আইটিসি নিতে পারবেন না। সুতরাং, আইটিসি নেওয়ার সর্বোচ্চ সীমা হলো— পরবর্তী অর্থবর্ষের ২০শে অক্টোবর অথবা বার্ষিক রিটার্নের তারিখ— যেটা আগে।

এই বাধা নিষেধের অন্তর্গত কারণ এই যে পরবর্তী অর্থবর্ষের সেপ্টেম্বর মাসের পরে রিটার্নে কোনও পরিবর্তন করার অনুমোদন নেই। আর সেপ্টেম্বরের আগেই যদি বার্ষিক রিটার্ন দাখিল করা হয়ে গিয়ে থাকে, তাহলে ঐ দাখিলের পরে আর কোনও পরিবর্তনই করা চলবে না।

**প্র১১: যখন রেজিস্টার্ড করযোগ্য ব্যক্তি আয়কর আইন, ১৯৬১ মোতাবেক ক্যাপিটাল পণ্যের জন্য ব্যয়িত মূল্যের করের অংশের উপরে মূল্যহ্রাস (depreciation) দাবি করেন, তখন তিনি কি আইটিসি পাওয়ার যোগ্য?**

উ: মূল্যহ্রাস দাবি করা এই কর অংশের উপর ইনপুট ট্যাক্স ক্রেডিট মিলবে না।

**প্র১২: করযোগ্য পণ্য অথবা পরিষেবা অথবা দুইয়েরই সরবরাহের জন্য ব্যবহৃত প্রতিটি ইনপুটের উপর প্রদত্ত কর-এরই কি ক্রেডিট মিলবে?**

উ: হ্যাঁ, আইনে নির্ধারিত অল্প কিছু সামগ্রীর একটি তালিকা বাদ দিয়ে সব কিছুর উপরেই ক্রেডিট পাওয়া যাবে। ঐ তালিকার সামগ্রীগুলি মূলত এই : ব্যক্তিগত ব্যবহারের সামগ্রী, সেই ধরনের ইনপুট যা ব্যবহারের ফলে স্থাবর সম্পত্তির উৎপত্তি হয় (plant and machinery বাদে), টেলিযোগাযোগের টাওয়ার, কারখানার বাইরে পাতা পাইপলাইন, ইত্যাদি। এছাড়া, কর ফাঁকি ধরা পড়ার ফলে জমা দেওয়া করের ক্রেডিট হয় না।

**প্র১৩: তথ্য প্রযুক্তি ব্যবসায় নিযুক্ত একজন করযোগ্য ব্যক্তি তাঁর নির্বাহী পরিচালকদের ব্যবহারের জন্য একটি মোটরগাড়ি কিনলেন। তিনি কি তাঁর কেনা এই গাড়িটির উপর দেওয়া জিএসটি ইনপুট ট্যাক্স ক্রেডিট হিসেবে ভোগ করতে পারবেন?**

উ: না। যদি করযোগ্য ব্যক্তি শুধুমাত্র যাত্রী বা পণ্য পরিবহন ব্যবসা অথবা মোটরযানের প্রশিক্ষণ প্রদানের ব্যবসায় নিয়োজিত থাকেন একমাত্র তাহলেই তিনি মোটর গাড়ির উপর ইনপুট ট্যাক্স ক্রেডিট পেতে পারেন।

**প্র১৪: কখনো কখনো নানা কারণে পণ্য বিনষ্ট হয়ে যায় বা হারিয়ে যায়। এই ধরনের পণ্যের উপর আইটিসি পাওয়া যাবে?**

উ: না। খোয়া যাওয়া, চুরি যাওয়া, ধ্বংস বা বিনষ্ট হয়ে যাওয়া বা খাতা থেকে মুছে দেওয়া (written off) কোনও পণ্যের উপর আইটিসি নেওয়া যাবে না। উপরন্তু, উপহার বা বিনামূল্যে বিতরিত নমুনার ক্ষেত্রেও আইটিসি অনুমোদিত নয়।

**প্র১৫: ব্যবসায়িক উদ্দেশ্যে নির্মিত ভবনের নির্মাণকার্যে ব্যবহৃত পণ্য ও পরিষেবার আইটিসি পাওয়া যাবে কি?**

উ: না। কারখানা ও যন্ত্রাদি (plant and machinery) ছাড়া কোনও স্থাবর সম্পত্তি নির্মাণের জন্য ব্যবহৃত পণ্য বা পরিষেবার আইটিসি পাওয়া যাবে না। কারখানা ও যন্ত্রাদির মধ্যে ধরা হবে শুধু সেইসব যন্ত্রাংশ, উপকরণ বা যন্ত্রপাতি (apparatus, equipment and machinery) যা ভিত বা কাঠামোর দ্বারা ভূমির সঙ্গে সংযুক্ত, তবে জমি বা বাড়ি, আরো অনেক কিছুর মতোই, এর মধ্যে ধরা হবে না।

**প্র১৬: নতুন রেজিস্ট্রেশন নেওয়া ব্যক্তির ক্ষেত্রে আইটিসির প্রাপ্তিযোগ্যতা কী?**

উ: রেজিস্ট্রেশনের জন্য আবেদনকারী ব্যক্তি তাঁর রেজিস্ট্রেশন মঞ্জুর হওয়ার ঠিক আগের দিনে স্টকে মজুত ইনপুট, আর সমাপ্ত বা অর্ধসমাপ্ত পণ্যের মধ্যে অবস্থিত ইনপুটের উপর ইনপুট ট্যাক্স ক্রেডিট পাবেন। এই ব্যক্তি যদি রেজিস্ট্রেশন নেওয়ার জন্য দায়বদ্ধ থাকেন আর যেদিন তিনি রেজিস্ট্রেশন নেওয়ার জন্য দায়বদ্ধ হয়েছেন সেদিন থেকে তিরিশ দিনের মধ্যে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করে থাকেন তাহলে তিনি তাঁর করদায় শুরু হওয়ার ঠিক আগের দিন তাঁর স্টকে মজুত ইনপুট, এবং সমাপ্ত ও অর্ধসমাপ্ত পণ্যের মধ্যে অবস্থিত ইনপুটের উপর ইনপুট ট্যাক্স ক্রেডিট পাবেন।

**প্র১৭: এক ব্যক্তির ১লা অগস্ট, ২০১৭ থেকে করদায় শুরু হলো, তিনি রেজিস্ট্রেশন নিলেন ১৫ই অগস্ট, ২০১৭-য়। এই ব্যক্তির কোন তারিখের স্টকে মজুত ইনপুটের উপর ইনপুট ট্যাক্স ক্রেডিট প্রাপ্য হবে?**

**ক) ১লা অগস্ট, ২০১৭**
**খ) ৩১শে জুলাই, ২০১৭**
**গ) ১৫ই অগস্ট, ২০১৭**
**ঘ) অতীতের জন্য ক্রেডিট মিলবে না।**

উ: খ) ৩১শে জুলাই, ২০১৭।

**প্র১৮: যে ব্যক্তি স্বেচ্ছায় রেজিস্ট্রেশন নিয়েছেন, তাঁর মজুত ইনপুটের উপর ইনপুট ট্যাক্স ক্রেডিট নেওয়ার যোগ্যতা কী?**

উ: স্বেচ্ছায় রেজিস্টার্ড ব্যক্তি রেজিস্ট্রেশনের ঠিক আগের দিন স্টকে মজুত ইনপুট সমাপ্ত ও অর্ধসমাপ্ত পণ্যের মধ্যে অবস্থিত ইনপুটের উপর প্রদত্ত কর-এর ইনপুট ট্যাক্স ক্রেডিট পাওয়ার অধিকারী।

**প্র১৯: যখন কোনও রেজিস্টার্ড ব্যক্তির গঠনতন্ত্রে পরিবর্তন ঘটে, তাঁর ইনপুট ট্যাক্সের যোগ্যতা কী?**

উ: যদি গঠনতন্ত্রগত পরিবর্তনের (change in the constitution) সময় দায়ভার হস্তান্তরের নির্দিষ্ট বিধান থাকে, তাহলে রেজিস্টার্ড ব্যক্তি তাঁর ইলেকট্রনিক লেজারে পড়ে থাকা অব্যবহৃত ইনপুট ট্যাক্স ক্রেডিট পরিবর্তিত গঠনতন্ত্রে হস্তান্তর করে দিতে পারবেন।

**প্র২০: করযোগ্য ব্যক্তি যে পণ্য বা পরিষেবা বা উভয়ই পেয়েছেন তা যদি করযোগ্য ও নিষ্কর (non-taxable), দু'রকম সরবরাহ সম্পাদন করতেই ব্যবহার করা হয়ে থাকে, তাহলে তিনি ইনপুট ট্যাক্স ক্রেডিট পাবেন কি?**

উ: রেজিস্টার্ড ব্যক্তি শুধুমাত্র করযোগ্য সরবরাহের সঙ্গে সম্বন্ধিত পণ্য বা পরিষেবা বা দুইয়েরই উপর ইনপুট ট্যাক্স ক্রেডিট পাবেন। যথাযোগ্য ক্রেডিটের পরিমাণ গণনার পদ্ধতি বিধিতে নির্দেশিত হবে।

**প্র২১: শুধু করযোগ্য সরবরাহ সম্পন্ন করার জন্য ব্যবহৃত পণ্য বা পরিষেবা বা দুইয়ের উপরেই ইনপুট ট্যাক্স ক্রেডিট অনুমোদিত— তাহলে করমুক্ত (exempt) সরবরাহ রফতানি করা হলে ইনপুট ট্যাক্স ক্রেডিট নষ্ট হয়ে যাবে না?**

উ: শূন্য হারযুক্ত (zero-rated) সরবরাহগুলিকে করযোগ্য সরবরাহের মধ্যে গণ্য করা হয়েছে, যাতে ইনপুট ট্যাক্স ক্রেডিট না বাতিল হয়ে যায়। সংহত পণ্য ও পরিষেবা কর আইনে (Integrated Goods and Services Tax Act) শূন্য হারযুক্ত সরবরাহের ক্ষেত্রটি নির্দেশিত হয়েছে— এতে এমনকি করমুক্ত (exempt) সরবরাহগুলিও অন্তর্ভুক্ত আছে।

**প্র২২: নিম্নলিখিত কোনটি ক্রেডিট নেবার উপযুক্ত করযোগ্য সরবরাহ বলে গণ্য হবে?**

**ক) শূন্য হারযুক্ত সরবরাহ**

**খ) করমুক্ত সরবরাহ**

**গ) দুইই**

উ: ক) শূন্য হারযুক্ত সরবরাহ।

**প্র২৩: একজন রেজিস্টার্ড ব্যক্তি যে পণ্য বা পরিষেবা পেলেন তার কিছুটা তিনি ব্যবসার কাজে ব্যবহার করলেন, অন্য অংশটা ব্যবহার করলেন অন্য উদ্দেশ্যে— সেক্ষেত্রে কি তিনি ইনপুট ট্যাক্স ক্রেডিট পাবেন?**

উ: পণ্য বা পরিষেবা বা দুইয়েরই শুধু ব্যবসার উদ্দেশ্যে ব্যবহৃত অংশের উপরেই ইনপুট ট্যাক্স ক্রেডিট লভ্য। উপযুক্ত পরিমাণ ক্রেডিটের গণনা সংক্রান্ত পদ্ধতি বিধিতে নির্দেশিত হবে।

**প্র২৪: এক ব্যক্তি যৌগিক ভিত্তিতে (compounding basis) কর দিচ্ছেন, যৌগিক সীমা (compounding threshold) অতিক্রম করে তিনি একজন নিয়মিত করযোগ্য ব্যক্তি হয়ে উঠলেন। ইনি কি আইটিসি পাবেন? পেলে, তা কবে থেকে পাবেন?**

উ: যেদিন থেকে তাঁর যৌগিক যোজনার (compounding scheme) যোগ্যতা শেষ হয়ে গেল ঠিক তার আগের দিন ঐ ব্যক্তি তাঁর মজুত স্টকের মধ্যে উপস্থিত ইনপুট এবং সমাপ্ত বা অর্ধসমাপ্ত পণ্যের মধ্যে উপস্থিত ইনপুট এবং ক্যাপিটাল পণ্যের উপর (নির্দেশিত শতকরা হার অনুযায়ী হ্রাস করে নিয়ে) আইটিসি নিতে পারবেন। উপযুক্ত পরিমাণ ক্রেডিটের গণনা সংক্রান্ত পদ্ধতি বিধিতে নির্দেশিত হবে।

**প্র২৫: ব্যাঙ্কিং কোম্পানিগুলির জন্য কিছু বিশেষ ব্যবস্থা আছে কি?**

উ: নির্ধারিত (specified) কিছু পরিষেবা সরবরাহকারী ব্যাঙ্কিং কোম্পানি বা আর্থিক সংস্থাগুলি (নন্-ব্যাঙ্কিং আর্থিক সংস্থাগুলি সহ) হয় আনুপাতিক হারে ক্রেডিট নেবে, নয়তো উপযুক্ত (eligible) ইনপুট ট্যাক্স ক্রেডিটের ৫০% গ্রহণ করতে পারবে।

**প্র২৬: শ্রীমান ক একজন রেজিস্টার্ড ব্যক্তি। ইনি ৩০শে জুলাই, ২০১৭ পর্যন্ত যৌগিক যোজনায় (composition scheme) কর দিয়েছেন। ৩১শে জুলাই, ২০১৭ থেকে ইনি নিয়মিত করদাতার স্তরে এসে গেলেন। শ্রীমান ক কি আইটিসি পাবেন?**

উ: ৩০শে জুলাই, ২০১৭ তারিখে শ্রীমান ক তাঁর মজুত স্টকে উপস্থিত ইনপুট এবং সমাপ্ত বা অর্ধসমাপ্ত পণ্যের মধ্যে উপস্থিত ইনপুট এবং ক্যাপিটাল পণ্যের উপর (নির্দেশিত শতকরা হার অনুযায়ী হ্রাস করে নিয়ে) আইটিসি নিতে পারবেন।

**প্র২৭: শ্রীমান খ ৫ই জুন, ২০১৭ তারিখে স্বেচ্ছায় রেজিস্ট্রেশনের জন্য আবেদন করলেন। ইনি রেজিস্ট্রেশন পেলেন ২২শে জুন, ২০১৭। শ্রীমান খ তাঁর ............ তারিখে স্টকে মজুত ইনপুটের উপর ইনপুট ট্যাক্স ক্রেডিট পাবেন?**

উ: শ্রীমান খ ২১শে জুন, ২০১৭ তারিখে তাঁর স্টকে মজুত ইনপুট এবং সমাপ্ত বা অর্ধসমাপ্ত পণ্যের মধ্যে মজুত ইনপুটের উপর ইনপুট ট্যাক্স ক্রেডিট পাবেন। শ্রীমান খ ক্যাপিটাল পণ্য সংক্রান্ত ইনপুট ট্যাক্স ক্রেডিট পাবেন না।

**প্র২৮: কোনও রেজিস্টার্ড ব্যক্তি যৌগিক যোজনা (composition scheme) বেছে নিলে বা তাঁর সরবরাহ করা পণ্য বা পরিষেবা বা দুইই সম্পূর্ণ করমুক্ত (wholly exempt) হয়ে গেলে তাঁর জমা থাকা ইনপুট ট্যাক্স ক্রেডিটের কী হবে?**

উ: পছন্দ বাছাইয়ের দিন বা করমুক্তির দিনের ঠিক আগের দিনের মজুত স্টকের উপর যা ইনপুট ট্যাক্স ক্রেডিট হয় তার সমপরিমাণ অর্থ ঐ রেজিস্টার্ড ব্যক্তিকে মিটিয়ে দিতে হবে। ক্যাপিটাল পণ্যের ক্ষেত্রে প্রদেয় অর্থের পরিমাণ একটি নির্দেশিত শতকরা হারে হ্রাস করে নেওয়া হবে। এই অর্থপ্রদান বৈদ্যুতিন ক্রেডিট লেজার থেকে মেটানো যেতে পারে— যদি তাতে যথেষ্ট জমা থাকে। বিকল্পে তা বৈদ্যুতিন ক্যাশ লেজার থেকেও মেটানো যেতে পারে। তার পরে ক্রেডিট লেজারে কোনও রাশি থেকে গেলে তা তামাদি হয়ে যাবে।

**প্র২৯: আইটিসি নেওয়ার সময়সীমা সংক্রান্ত কোনও বাধানিষেধ আছে?**

উ: নতুন রেজিস্ট্রেশনের ক্ষেত্রে, যৌগিক যোজনা (composition scheme) থেকে সাধারণ যোজনায় পরিবর্তনের ক্ষেত্রে, করমুক্ত থেকে করযোগ্য সরবরাহে পরিবর্তনের ক্ষেত্রে, সংশ্লিষ্ট ব্যক্তি ট্যাক্স ইনভয়েসের তারিখের পর এক বছর পেরিয়ে গেলে আর তার উপর আইটিসি নিতে পারবেন না।

**প্র৩০: গ্রহীতার দাখিল করা অন্তর্মুখী সরবরাহের (inward supply) বর্ণনার সঙ্গে সরবরাহকারীর দাখিল করা বৈধ রিটার্নে দেওয়া বহির্মুখী সরবরাহের (outward supply) বর্ণনার খুঁটিনাটি মিলল না। তখন কী হবে?**

উ: অমিল হলে, দুই পক্ষকেই তা জানানো হবে। এই অমিল শুধরে নেওয়া না হলে তার পরিমাণ গ্রহীতার আউটপুট দায়ের সঙ্গে জুড়ে দেওয়া হবে। যে মাসে অমিল সংক্রান্ত বিষয়টি জানানো হয়েছে গ্রহীতার তার পরের মাসের রিটার্নে এই সংযোজনটি করা হবে।

**প্র৩১: শুধুমাত্র ম্যাচিং-এর পরেই কি ইনপুট ট্যাক্স ক্রেডিট গ্রাহ্য হবে?**

উ: না। ইনপুট ট্যাক্স ক্রেডিট দু'মাসের জন্য অস্থায়ীভাবে (provisionally) মঞ্জুর হয়। সরবরাহের খুঁটিনাটিগুলি সিস্টেমে ম্যাচ করা হয় আর অমিলগুলি সংশ্লিষ্ট সরবরাহকারী ও গ্রহীতাকে জানিয়ে দেওয়া হয়। অমিলের অবসান না হলে গৃহীত আইটিসি স্বয়ংক্রিয়ভাবে ফিরিয়ে নেওয়া হবে।

**প্র৩২: অস্থায়ীভাবে (provisionally) মঞ্জুর হওয়া আইটিসি কি সবরকম দায়ভার মেটানোর কাজেই ব্যবহার করা যেতে পারে?**

উ: না। অস্থায়ীভাবে মঞ্জুর হওয়া আইটিসি দিয়ে শুধু রিটার্নের স্ব-নির্ধারিত (self-assessed) আউটপুট করই মেটানো যাবে।

**প্র৩৩: কোনও করযোগ্য ব্যক্তি যে ক্যাপিটাল পণ্যের উপর ইনপুট ট্যাক্স ক্রেডিট নিয়েছেন তা যদি সরবরাহ করেন, তাঁর করের উপর কী প্রভাব পড়বে?**

উ: যদি কোনও রেজিস্টার্ড ব্যক্তি ইনপুট ট্যাক্স ক্রেডিট নেওয়া কোনও ক্যাপিটাল পণ্য বা কারখানা ও যন্ত্রাদি সরবরাহ করেন তাহলে তিনি সেই ক্যাপিটাল পণ্য বা কারখানা ও যন্ত্রাদির উপর নেওয়া ইনপুট ট্যাক্স ক্রেডিটের পরিমাণ এই মর্মে নির্ধারিত শতকরা হারে হ্রাস করে, অথবা ঐ ক্যাপিটাল পণ্যের বিনিময় মূল্যের (transaction value) উপর প্রযোজ্য করের পরিমাণের মধ্যে যা অধিকতর তার সমপরিমাণ মূল্য প্রদান করবেন।

**প্র৩৪: ক্যাপিটাল পণ্যের উপর আইটিসি নেওয়ার পর কোনও রেজিস্টার্ড ব্যক্তি তা সরবরাহ করে দিলে করের উপর কী প্রভাব হবে?**

উ: রেজিস্টার্ড ব্যক্তি তাঁর নেওয়া আইটিসির পরিমাণ (একটি নির্ধারিত শতকরা হারে হ্রাস করে) অথবা বিনিময় মূল্যের উপর প্রযোজ্য করের পরিমাণের মধ্যে যেটি অধিকতর তা প্রদান করে দেবেন। তবে তাপরোধী ইট, ছাঁচ ও ডাইস, কারিগরি কাঠামো আর বন্ধনী [refractory bricks, moulds and dies, jigs and fixture] ছাঁট (scrap) হিসেবে বিক্রি হলে বিনিময় মূল্যের উপর কর প্রদেয়।

**(Source: NACEN i.e. National Academy of Customs, Excises and Narcotics, FAQ on 21st September, 2016, NAJIB SHA-Chairman of CBES)**

**Prepared by CMA (Dr) Tapan Kumar Samanta**